# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৫৯১

২৭/ আদব

পরিচ্ছেদঃ লোকের বাহ্যিক অবস্থা ও কার্যকলাপের ভিত্তিতে বিধান প্রয়োগ করা হবে এবং তাদের আভ্যন্তরিক অবস্থা আল্লাহকে সঁপে দেওয়া হবে

আরবী

وَعَنْ أُسَامَةَ بْنِ زَيدٍ رَضِيَ الله عَنهُمَا قَالَ : بَعَثَنَا رَسُوْلُ اللهِ ﷺ إِلَى الْحُرَقَةِ مِنْ جُهَيْنَةَ فَصَبَّحْنَا القَوْمَ عَلَى مِيَاهِهِمْ وَلَحِقْتُ أنَا وَرَجُلٌ مِنَ الأَنْصَارِ رَجُلاً مِنْهُمْ فَلَمَّا غَشَيْنَاهُ قَالَ : لاَ إِلٰهَ إلاَّ الله فَكفَّ عَنْهُ الأَنْصَارِي وطَعَنْتُهُ برُمْحِي حَتّٰى قَتَلْتُهُ فَلَمَّا قَدِمْنَا المَدِينَةَ بَلَغَ ذلِكَ النَّبيَّ ﷺ فَقَالَ لِي يَا أُسَامَة أَقتَلْتَه بَعْدَ مَا قَالَ لاَ إِلٰهَ إلاَّ اللهُ قُلْتُ : يَا رَسُوْلَ الله إِنَّمَا كَانَ مُتَعوِّذاً فَقَالَ أَقتَلْتَهُ بَعْدَ مَا قَالَ لاَ إِلٰهَ إلاَّ اللهُ فَمَا زَالَ يُكَرِّرُهَا عَلَيَّ حَتّٰى تَمنَّيتُ أنّي لَمْ أكُنْ أسْلَمْتُ قَبْلَ ذلِكَ اليَوْمِ مُتَّفَقٌ عَلَيهِ
وفي رواية : فَقَالَ رَسُوْلُ اللهِ ﷺ أقالَ : لاَ إله إلاَّ اللهُ وَقَتَلْتَهُ قُلْتُ : يَا رَسُوْلَ الله إنَّمَا قَالَهَا خَوْفاً مِن السِّلَاحِ قَالَ أَفَلاَ شَقَقْتَ عَنْ قَلْبِهِ حَتّٰى تَعْلَمَ أَقَالَهَا أمْ لاَ فما زَالَ يُكَرِّرُهَا حَتّٰى تَمَنَّيْتُ أنّي أسْلَمْتُ يَوْمَئذٍ

বাংলা

(৩৫৯১) উসামা ইবনে যায়দ (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে জুহাইনা গোত্রের এক শাখা হুরাকার দিকে পাঠালেন। অতঃপর আমরা সকাল সকাল পানির ঝর্নার নিকট তাদের উপর আক্রমণ করলাম। (যুদ্ধ চলাকালীন) আমি ও একজন আনসারী তাদের এক ব্যক্তির পিছনে ধাওয়া করলাম। যখন আমরা তাকে ঘিরে ফেললাম, তখন সে ’লা ইলাহা ইল্লাল্লাহ’ বলল। আনসারী থেমে গেলেন, কিন্তু আমি তাকে আমার বল্লম দিয়ে গেঁথে দিলাম। এমনকি শেষ পর্যন্ত তাকে হত্যা ক’রে ফেললাম।

অতঃপর যখন আমরা মদীনা পৌঁছলাম, তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এ খবর পৌঁছল। তিনি বললেন, হে উসামা! তার ’লা ইলাহা ইল্লাল্লাহ’ বলার পরেও কি তুমি তাকে হত্যা করেছ? আমি বললাম, ’হে আল্লাহর রসূল! সে প্রাণ বাঁচানোর জন্য এরূপ করেছে।’ পুনরায় তিনি বললেন, ’’লা ইলাহা ইল্লাল্লাহ’ বলার পরও তুমি তাকে খুন করেছ?’’ তিনি আমার সামনে এ কথা বারবার বলতে থাকলেন। এমনকি আমি আকাঙ্ক্ষা করলাম যে, যদি আজকের পূর্বে আমি ইসলাম গ্রহণ না করতাম (অর্থাৎ, এখন আমি মুসলিম হতাম)। (বুখারী ৪২৬৯,

৬৮৭২, মুসলিম ২৮৮)

অন্য এক বর্ণনায় আছে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, সে কি ’লা ইলাহা ইল্লাল্লাহ’ বলেছে এবং তুমি তাকে হত্যা করেছ? আমি বললাম, ’হে আল্লাহর রসূল! সে কেবলমাত্র অস্ত্রের ভয়ে এই (কালিমা) বলেছে।’ তিনি বললেন, তুমি কি তার অন্তর চিরে দেখেছিলে যে, সে এ (কালিমা) অন্তর থেকে বলেছিল কি না? অতঃপর একথা পুনঃ পুনঃ বলতে থাকলেন। এমনকি আমি আকাঙ্ক্ষা করলাম যে, যদি আমি আজ মুসলিম হতাম। (মুসলিম ২৮৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67339

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন